

## নারীর প্রতি সহিংসতা আইন

অনেক ব্যক্তি অবমাননাকর সম্পর্ক সহ্য করেও নীরবে সহঅবস্থান করে কারণ তারা পারিবারিক সহিংসতার ঘটনা পুলিশকে জানাতে ভয় পায় বা অন্য কোন ধরনের সহায়তা চাইতে ভয় পায়।

যারা পারিবারিক নির্যাতনের শিকার হয়েছেন এবং যাদের অভিবাসন মর্যাদা পাওয়ার আবেদন করার জন্য নির্যাতনকারী ব্যক্তির উপর নির্ভর করতে হয় তাদের আইনানুগ অভিবাসন মর্যাদা পাওয়ার জন্য নারীর প্রতি সহিংসতা আইন (VAWA) একটি বিশেষ পথ প্রদর্শন করে থাকে। যুক্তরাষ্টের নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দাদের নির্যাতনের শিকার নিকটাত্মীয় ভুক্তভোগীরা নির্যাতনকারী ব্যক্তির অবগতি, সম্মতি বা অংশগ্রহন ব্যতিরেকেই নিজেরা অভিবাসন মর্যাদা পাওয়ার আবেদন (স্ব-আবেদন) করতে পারবে। যুক্তরাষ্ট্রের নাগরিক এবং বৈধ স্থায়ী বাসিন্দাদের (গ্রিন কার্ডধারী) নির্যাতিত স্বামী/স্ত্রী বা শিশুদের এবং 21 বছর বা তার বেশি বয়সী নাগরিকদের নির্যাতিত পিতামাতার জন্য এই পথটি উন্মুক্ত আছে। এই ব্যক্তিরা বৈধ স্থায়ী বাসিন্দার মর্যাদা (গ্রীন কার্ড), কর্মসংস্থানের অনুমোদন এবং সরকারী সুযোগ-সুবিধার জন্য উপযুক্ত হতে পারে। ফর্ম I-360 দাখিল করার মাধ্যমে আবেদনকারীরা এই প্রক্রিয়া শুরু করে থাকে।

ভিএডব্লিউএ-র বিধানগুলি লিঙ্গ নির্বিশেষে সকলের জন্য সমানভাবে প্রযোজ্য। আরও তথ্যের জন্য uscis.gov/humanitarian/abused-spouses-children-and-parents দেখুন।

### অ-নাগরিক ভুক্তভোগীদের অবশ্যই প্রমাণ দিতে হবে যে তারা:

- মার্কিন নাগরিক বা গ্রীন কার্ডধারী নির্যাতনকারী ব্যক্তির সাথে স্বীকৃত সম্পর্কধারী;
- নির্যাতনকারী ব্যক্তির সাথে বসবাস করেন বা করেছেন;
- ভাল নৈতিক চরিত্রের অধিকারী; এবং
- বিনাসম্মতিতে যৌন সংস্পর্শ বা চরম নিষ্ঠুরতার শিকার হয়েছেন।

## সম্মুখ সারির কর্মীদের গুরুত্ব

বৈধ এবং নথিপত্রবিহীন অ-নাগরিকদের যারা পারিবারিক সহিংসতা এবং মানব পাচারসহ বিভিন্ন অপরাধের কারণে ভুক্তভোগী তাদেরকে যুক্তরাষ্ট্রের আইন বেশ কিছু সুরক্ষা প্রদান করে। কোন কোন ক্ষেত্রে অপরাধের শিকার অনেক ব্যক্তি অভিযোগ করতে ভয় পায় কারণ তারা উদ্বিগ্ন থাকে যে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে তাদেরকে অপসারণ করা(দেশান্তরি করা) হতে পারে।

পেশাদারগন যেমন পুলিশ অফিসার, স্বাস্থ্যসেবা এবং সমাজসেবা প্রদানকারী, বিচারক এবং আইনজীবিরা সম্মুখ সারির কর্মী হিসাবে প্রায়ই সর্বপ্রথম নির্যাতিত হওয়ার নিদর্শন দেখে থাকেন এবং তাই নির্যাতিতদের বিভিন্ন তথ্য এবং সহায়তা প্রদানের জন্য তারা একটি সুবিধাজনক অবস্থানে থাকেন। সম্মুখ সারির কর্মীদের সহায়তা করার প্রয়াসেই এই পুস্তিকাটি পরিকল্পনা করা হয়েছে।

ইউএস সিটিজেনশীপ এণ্ড ইমিগ্রেশন সার্ভিসেস (USCIS) সহ ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি (DHS) এর অধীনস্ত সকল সংস্থাসমূহের জন্য, কিছু ব্যতিক্রম সাপেক্ষে, এই পুস্তিকায় আলোচিত অভিবাসন সুরক্ষার জন্য কোন নির্যাতিত ব্যক্তি যে আবেদন করেছেন তা প্রকাশ করা আইনত নিষিদ্ধ।




ইউএসসিআইএস-এর ওয়েবসাইট
**uscis.gov/humanitarian**
অনুচ্ছেদ
**“Humanitarian”**
দেখুন

ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থাকে সন্দেহজনক মানবপাচার এর তথ্য জানাতে এইচএসআই পরামর্শ লাইন
**866-347-2423**
**(866-DHS-2-ICE)**
নম্বরে যোগাযোগ করুন

জাতীয় মানব পাচার হটলাইনে যোগাযোগ করতে
**888-373-7888**
নম্বরে ফোন করুন

U.S. Citizenship and Immigration Services



# নির্যাতনের শিকার ব্যক্তিদের জন্য অভিবাসন বিকল্প

## আইন প্রয়োগকারী, স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং অন্যান্য সম্মুখ-সারির কর্মীদের জন্য তথ্যাবলী

নারীর প্রতি সহিংসতা আইন
টি অ-অভিবাসী মর্যাদা
ইউ অ-অভিবাসী মর্যাদা

U.S. Citizenship and Immigration Services

## টি অ-অভিবাসী মর্যাদা

গুরুতর ধরনের ব্যাক্তি পাচার (যা মানব পাচার হিসাবেও পরিচিত)-এর শিকার ব্যাক্তি যারা আইন প্রয়োগকারী সংস্থাকে অপরাধ সনাক্তকরণ, তদন্ত বা বিচার প্রক্রিয়ায় সহায়তা করে, টি অ-অভিবাসী মর্যাদা (টি ভিসা নামেও পরিচিত) তাদেরকে অস্থায়ী অভিবাসন সুরক্ষা প্রদান করে থাকে। মানব পাচার কর্মকান্ডে বিভিন্ন ধরণের শ্রম বা বাণিজ্যিক যৌন কার্যকলাপের সুবিধা পেতে বলপ্রয়োগ, প্রতারনা বা ভীতি প্রদর্শন করা হয়ে থাকে। যে কোনো সম্প্রদায়ের মধ্যে এমন ঘটতে পারে এবং যে কোনো বয়সী, বর্ণের, লিঙ্গের বা জাতীয়তার ব্যাক্তি এর শিকার হতে পারে।

টি অ-অভিবাসী মর্যাদার জন্য আবেদন করতে আবেদনকারীদের অবশ্যই ফর্ম I-914 দাখিল করতে হবে। ইতিমধ্যে পাচারকৃত বিধায় আবেদনকারীদের অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রে স্বশরীরে উপস্থিত থাকতে হবে। টি অ-অভিবাসী মর্যাদা 4 বৎসর মেয়াদের জন্য বৈধ হয়ে থাকে এবং বিশেষ পরিস্থিতিতে বর্ধিত হতে পারে; এই মর্যাদা প্রাপ্ত ব্যাক্তিগণ কর্মসংস্থানের জন্য অনুমতি পাওয়ার জন্যও উপযুক্ত হতে পারেন।

টি অ-অভিবাসীরা তাদের অভিবাসন মর্যাদা সমন্বয় করতে এবং বৈধ স্থায়ী বাসিন্দা হতে (একটি গ্রীন কার্ড পেতে) সক্ষম হতে পারে যদি তারা উপযুক্ত হয়। পরিবারের নির্দিষ্ট কয়েকজন সদস্যও টি অ-অভিবাসী ভিসার জন্য উপযুক্ত হতে পারে।

অধিক তথ্যের জন্য uscis.gov/humanitarian/victims-of-human-trafficking-t-nonimmigrant-status দেখুন।


**শ্রম পাচার (জবরদস্তিমূলক শ্রম)** হল কোন ব্যাক্তির উপর বলপ্রয়োগ, প্রতারণা বা ভীতি প্রদর্শন করতঃ অত্যাচারের মাধ্যমে শ্রম বা পরিষেবা প্রদানে বাধ্য করা।

**যৌন পাচার** হল অবৈধ সুযোগের মাধ্যমে কোন ব্যাক্তির উপর বলপ্রয়োগ, প্রতারণা বা ভীতি প্রদর্শনের মাধ্যমে বানিজ্যিক যৌন কার্যকলাপে লিপ্ত হতে বাধ্য করা। যুক্তরাষ্ট্রের আইন অনুযায়ী 18 বছরের কম বয়সী কোন ব্যাক্তিকে বানিজ্যিক যৌন কার্যকলাপে প্ররোচিত করলে তিনি যৌন পাচার অপরাধের শিকার বিবেচিত হবেন, এমনকি বলপ্রয়োগ, প্রতারণা বা ভীতি প্রদর্শন না করলেও।

**অব্যাহত** উপস্থিতি হল এক ধরনের অস্থায়ী অভিবাসন উপাধি যা আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক চিহ্নিত গুরুতর মানব পাচারের শিকার ব্যাক্তিদেরকে প্রদান করা হয়, যারা সম্ভাব্য সাক্ষী হতে পারে। আইন প্রয়োগকারী সংস্থা এবং সিভিল আইনজীবিদের জন্য অব্যাহত উপস্থিতি সংস্থান নির্দেশিকা ice.gov/ContinuedPresenceResourceGuide এ দেখুন।

## অ-নাগরিক ভুক্তভোগীদের অবশ্যই:

- মানব পাচারের গুরুতর ধরনের কোন অপরাধের শিকার হতে হবে;
- ইতিমধ্যে পাচারকৃত বিধায় যুক্তরাষ্ট্রে স্বশরীরে উপস্থিত থাকতে হবে;
- অপরাধ সনাক্তকরণ, তদন্ত ও বিচার প্রক্রিয়ায় আইন প্রয়োগকারী সংস্থা বা অন্যান্য অনুমোদিত কর্মকর্তার সহায়তার জন্য যে কোনো যুক্তিসঙ্গত অনুরোধ মেনে চলতে হবে (অথবা বয়সের কারণে বা মানসিক আঘাত প্রাপ্তির কারণে অব্যাহতি পাওয়ার উপযুক্ত হতে হবে);
- মার্কিন যুক্তরাষ্ট্র থেকে অপসারন করা হলে অস্বাভাবিক এবং গুরুতর ক্ষতির সম্মুখীন হয়ে চরম আর্থিক দূরাবস্থায় পতিত হবে; এবং
- যুক্তরাষ্ট্রের কাছে গ্রহণযোগ্য হতে হবে বা ছাড় পাওয়ার জন্য উপযুক্ত হতে হবে।





## ইউ অ-অভিবাসী মর্যাদা

ইউ অ-অভিবাসী মর্যাদা (ইউ ভিসা নামেও পরিচিত) হল যুক্তরাষ্ট্রের কয়েক ধরনের স্বীকৃত অপরাধমূলক কার্যকলাপের শিকার যে সকল ভুক্তভোগী অপরাধ সনাক্তকরণ, তদন্ত বা বিচার প্রক্রিয়ায় অনুমোদিত সংস্থাসমূহকে প্রদত্ত সহায়তায় কার্যকর ছিল, কার্যকর আছে এবং ভবিষ্যতেও কার্যকর থাকবে বা তাদের প্রয়োজনীয়তা পূরণ করে থাকে, সেই ভুক্তভোগীদের অস্থায়ী অভিবাসন সুরক্ষার জন্য এই ভিসা প্রদানের প্রস্তাব দেয়া হয়ে থাকে। ইউ অ-অভিবাসী মর্যাদা 4 বৎসর মেয়াদের জন্য বৈধ হয়ে থাকে এবং বিশেষ পরিস্থিতিতে বর্ধিত হতে পারে; এই মর্যাদা প্রাপ্ত ব্যাক্তিগন কর্মসংস্থানের জন্য অনুমতি পাওয়ার জন্যও উপযুক্ত হতে পারে। ইউ অ-অভিবাসীরা তাদের অভিবাসন মর্যাদা সমন্বয় করতে এবং বৈধ স্থায়ী বাসিন্দা হতে (একটি গ্রীন কার্ড পেতে) সক্ষম হতে পারে যদি তারা উপযুক্ত হয়। পরিবারের নির্দিষ্ট কয়েকজন সদস্যও ইউ অ-অভিবাসী ভিসার জন্য উপযুক্ত হতে পারে।

### নিম্নলিখিত স্বীকৃত অপরাধমূলক কার্যকলাপের*শিকার ব্যক্তিরা ইউ অ-অভিবাসী মর্যাদার জন্য উপযুক্ত হতে পারে:

- বলপূর্বক লইয়া যাওয়া
- আপত্তিজনক যৌন সংস্পর্শ
- জিম্মি করে রাখা
- হুমকি দিয়ে সুবিধা আদায়
- পারিবারিক সহিংসতা
- চাঁদাবাজি
- মিথ্যা কারাদণ্ড
- জঘন্য হামলা
- নারীর যৌনাঙ্গ বিকৃতকরণ
- বিদেশী শ্রম চুক্তিতে প্রতারণা
- খুব ঘনিষ্ঠ আত্মীয়দের মধ্যে যৌন মিলন
- অনিচ্ছাকৃত দাসত্ব
- অপহরণ করা
- নরহত্যা
- হত্যা
- ন্যায়বিচারের প্রতিবন্ধকতা
- দাসত্ব
- মিথ্যাচার
- পতিতাবৃত্তি
- ধর্ষণ
- যৌন নির্যাতন
- যৌন শোষণ
- ক্রীতদাস বাণিজ্য
- চুপিসাড়ে অনুসরণ করা
- নিপীড়ন
- মানব পাচার
- বেআইনি অপরাধী সংযম
- স্বাক্ষীর উপর অবৈধ প্রভাব বিস্তার
- অন্যান্য সংশ্লিষ্ট অপরাধ†

বি* এছাড়াও উপরোক্ত অপরাধ এবং সংশ্লিষ্ট অন্যান্য অপরাধগুলির যে কোনো একটি করার প্রচেষ্টা, ষড়যন্ত্র বা অনুরোধসহ।

† এমন কোন কার্যকলাপসহ যেখানে অপরাধের উপাদানগুলি প্রায় একই রকম।

ইউ অ-অভিবাসী মর্যাদার জন্য আবেদন করতে আবেদনকারীদের অবশ্যই ফর্ম I-918 দাখিল করতে হবে। ভুক্তভোগীকে আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট সংস্থার একজন কর্মকর্তা কর্তৃক মামলার সনাক্তকরণ, তদন্ত বা বিচার প্রক্রিয়ায় সংস্থার সহায়তায় ভুক্তভোগী কার্যকর ছিল, কার্যকর আছে বা ভবিষ্যতে কার্যকর হতে পারে অথবা তারা যোগ্যতার শর্তগুলি পূরণ করেছে উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র (ফর্ম I-918 পরিশিষ্ট B) প্রদান করতে হবে। প্রত্যয়নকারী কর্মকর্তাদের অবগত থাকা প্রয়োজন যে শুধুমাত্র একটি প্রশংসাপত্রে স্বাক্ষর করা মানেই অভিবাসন সুরক্ষা মন্জুর করা না- শুধুমাত্র ইউএসসিআইএস কোন ইউ ভিসার আবেদন মঞ্জুর বা প্রত্যাখ্যান করার ক্ষমতা রাখে।
আরও তথ্যের জন্য uscis.gov/humanitarian/victims-of-criminal-activity-u-nonimmigrant-status for more information. দেখুন।

## অ-নাগরিক ভুক্তভোগীদের অবশ্যই:

- যুক্তরাষ্ট্রে সংঘটিত বা যুক্তরাষ্ট্রের আইন লঙ্ঘন করা স্বীকৃত কোন অপরাধমূলক কার্যকলাপের শিকার হতে হবে;
- স্বীকৃত কোন অপরাধমূলক কার্যকলাপের কারনে উল্লেখযোগ্য শারীরিক বা মানসিক নির্যাতনের শিকার হতে হবে;
- স্বীকৃত অপরাধমূলক কার্যকলাপ সম্পর্কে বিশ্বাসযোগ্য এবং নির্ভরযোগ্য তথ্য থাকতে হবে;
- কোন স্বীকৃত অপরাধমূলক কার্যকলাপের সনাক্তকরণ, তদন্ত এবং বিচার প্রক্রিয়ায় আইন প্রয়োগকারী, আইনজীবি, বিচারক, বা অন্যান্য অনুমোদিত কর্মকর্তদের সহায়তা প্রদানে কার্যকর ছিল, কার্যকর আছে এবং ভবিষ্যতেও কার্যকর থাকতে পারে; এবং
- যুক্তরাষ্ট্রের নিকট গ্রহণযোগ্য হতে হবে বা ছাড় পাওয়ার জন্য উপযুক্ত হতে হবে।

### প্রত্যায়নকারীদের জন্য টি এবং ইউ ভিসা আইন প্রয়োগ সহায়ক নির্দেশিকার জন্য দেখুন:

uscis.gov/tools/information-for-certifying-officials-law-enforcement-judges-and-other-agencies

হটলাইনে প্রত্যয়নকারী কর্মকর্তার সাথে যোগাযোগের জন্য 240-721-3333 নম্বরে ফোন করুন।

এই নম্বরটি শুধুমাত্র প্রত্যয়নকারী কর্মকর্তাদের ব্যবহারের জন্য। প্রত্যয়নকারী কর্মকর্তারা হলেন আইন প্রয়োগকারী কর্মকর্তা, আইনজীবি, বিচারক, অথবা অন্য কোন অফিস বা সংস্থার প্রতিনিধি যারা স্বীকৃত অপরাধমূলক কার্যকলাপের সনাক্তকরণ, তদন্ত বা বিচার প্রক্রিয়া পরিচালনা বা অপরাধীকে দোষী সাব্যস্ত করা বা শাস্তি প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত।